
Live MCQ

সঠিক প্রস্তুতি, সহজ প্রিলি

# English Essence

## A Tale of English Literature




Live Publications™

# Table of Contents

PART
A


| | | |
|---|---|---|
| 1 | **The Old English Period/The Anglo-Saxon Period** | **01-04** |
| 2 | **The Middle English Period** | **05-09** |
| 3 | **The Renaissance Period** | **10-34** |
| | Preparation for Renaissance | 10-12 |
| | Elizabethan Age | 12-23 |
| | Jacobean Age | 23-26 |
| | Puritan Period | 26-26 |
| | Caroline Age | 26-27 |
| | Commonwealth Period | 27-28 |
| 4 | **The Neoclassical Period** | **35-46** |
| | The Restoration Period | 35-39 |
| | The Augustan Age/The Age of Pope | 39-41 |
| | Age of Sensibility/The Age of Johnson | 42-43 |
| 5 | **The Romantic Period** | **47-66** |
| 6 | **The Victorian Period** | **67-90** |
| 7 | **The Modern Period** | **91-111** |
| | Edwardian Period | 91-94 |
| | Georgian Period | 94-107 |
| 8 | **The Postmodern Period** | **112-118** |
| 9 | **Other Writers from Around the World** | **119-139** |
| | American Writers | 119-126 |
| | Latin American Writers | 127-128 |
| | African Writers | 128-128 |
| | French Writers | 128-130 |
| | German Writers | 130-131 |

| | | |
|---|---|---|
| | Russian Writers | 131-133 |
| | Indian Writers | 133-134 |
| | Bangladeshi Writers | 134-134 |
| | Notable Writers from Other Countries | 135-135 |
| **10** | **Annex/Supplements** | **140-172** |
| | Important Characters from Different Literary Works | 140-149 |
| | Important Quotes of Notable Writers | 150-157 |
| | Similar Titled Literary Works by Different Writers | 157-159 |
| | Some Notable Writers' Title | 159-160 |
| | Some Writers' Pseudonym | 160-160 |
| | Important Greek & Roman Literature | 160-161 |
| | Noble Prize Winners in Literature from the Last 20 Years | 161-162 |
| | Notable Noble Prize Winners in Literature | 163-165 |
| | Booker Prize Winners form the Last 20 Years | 165-165 |
| | International Booker Prize Winners form the Last 20 Years | 165-166 |

PART
B

| | | |
|---|---|---|
| **11** | **English Literary Terms** | **173-193** |
| | Poems and Poetry | 173-176 |
| | Drama | 177-180 |
| | Fiction | 180-182 |
| | Nonfiction | 182-183 |
| | Figures of Speech | 184-189 |

PART
C

| | | |
|---|---|---|
| **12** | **Model Test** | **194-197** |

# 2 The Middle English Period (1066-1500)

ইংরেজি সাহিত্যের মধ্যযুগ ১০৬৬ খ্রিষ্টাব্দে নর্ম্যানদের ইংল্যান্ড বিজয়ের সময়কাল থেকে শুরু হয়ে পঞ্চদশ শতাব্দীর শেষভাগ পর্যন্ত বিস্তৃত। এই যুগকে ৩ ভাগে ভাগ করা হয়। যথা–

১. **Anglo-Norman Period: 1066-1340,**
২. **Age of Chaucer: 1340-1400** ও
৩. **Barren Period: 1400-1470।**

## Socio-Political Features


- ১১ শতক থেকে ১৩ শতকের মাঝামাঝি পর্যন্ত খ্রিষ্টান এবং মুসলিমদের মাঝে 'Crusade' বা 'ধর্মযুদ্ধ' সংঘটিত হয় যা ইতিহাসের গতিপথ পরিবর্তন করে দেয়।
- ১২১৫ খ্রিষ্টাব্দে ব্রিটেনের সংবিধান 'ম্যাগনাকার্টা' স্বাক্ষরিত হয়।
- এই যুগে সামন্ততান্ত্রিক সমাজ ব্যবস্থা প্রতিষ্ঠিত হওয়া শুরু করে। Clergyman, Nobleman ও Peasant class-এই তিন শ্রেণির উপস্থিতি ছিল তৎকালীন সমাজে।
- এই যুগে Oxford এবং Cambridge বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়।

## Main Literary Characteristics

- মধ্যযুগের ইংরেজি সাহিত্যের প্রধান বাহন ছিল কবিতা।
- প্রাচীন যুগে শুরু হওয়া ইংরেজি ভাষার বিবর্তনের ধারা এই যুগে চলমান থাকে। নর্ম্যান জাতির ভাষায় ফরাসি ভাষার প্রভাব ছিল। ফরাসি ছিল এলিট শ্রেণির ভাষা; অপর দিকে ইংরেজি ছিল নিম্ন শ্রেণির ভাষা। পরবর্তীতে Norman-French এবং Anglo-Saxons ভাষার সংমিশ্রণে ইংরেজি ভাষা একটি নতুন ও স্ট্যান্ডার্ড জায়গায় পৌঁছায়।
- এই সময়ের ভাষা ও সাহিত্যে স্বাভাবিকভাবেই ফরাসি ভাষার প্রভাব পড়তে থাকে। এই সময়ের ভাষা ও সাহিত্যে লাতিন ভাষার প্রভাবও বিদ্যমান ছিল।
- ধর্মীয় সাহিত্যের পাশাপাশি ফরাসি অনুকরণে লৌকিক সাহিত্যও রচনা হতে থাকে এই সময়।
- এছাড়া 'Old English Period'-এর অনেক লেখা বিশেষত ধর্মীয় বক্তৃতাগুলো এ সময় পুনঃপাঠ ও চর্চা হতে থাকে।
- ১৪ শতকে কবি Chaucer-এর আবির্ভাব ঘটে। উল্লেখ্য, কিছু শব্দের বানান পরিবর্তন করে দিলে Chaucer-এর সাহিত্য আর আধুনিক ইংরেজির মাঝে তেমন কোনো পার্থক্য করা যায় না। Chaucer রচিত 'The Canterbury Tales' মধ্যযুগের অন্যতম শ্রেষ্ঠ সাহিত্যকর্ম।
- মধ্যযুগের সাহিত্যের মূল বৈশিষ্ট্যগুলো হলো– ধর্ম, নৈতিক উপদেশ সম্বলিত সাহিত্য, বীরত্বগাঁথা ইত্যাদি।

## Key Literary Writers

### Geoffrey Chaucer (1342/1343-1400)




Geoffrey Chaucer-কে 'The First Great English Poet' অভিধায় অভিহিত করা হয়। ইংরেজি সাহিত্যের ইতিহাস অধ্যয়নে Geoffrey Chaucer এর আলোচনা একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ পাঠ। তিনি ফরাসি ও ইতালিয় ভাষায় দক্ষ ছিলেন। ইটালিয়ান কবি 'Petrarch'-কে অত্যন্ত সমাদর করতেন তিনি।

**Titles and Profession:** Geoffrey Chaucer-কে আধুনিক ইংরেজি কাব্যের জনক বলা হয়। তাঁর ঝুলিতে অনেকগুলো উপাধি আছে। যেমন– Father of English Language, Father of English Literature, Father of English Modern Poetry, The first great English story-teller ইত্যাদি। তিনি রাজপ্রাসাদে ক্লার্কের দায়িত্ব পালন করতেন। ইউরোপের বিভিন্ন দেশে তিনি কূটনৈতিক মিশনে দায়িত্ব পালন করেছেন। তিনি যৌবনের প্রারম্ভে সৈনিক হিসেবেও দায়িত্ব পালন করেছেন।

**এক নজরে প্রধান সাহিত্যকর্মসমূহ**

| Name | Genre |
|---|---|
| **The Canterbury Tales** | *Poem (Fable story)* |
| **The Nun Priest's Tale** | *Tale from Canterbury Tales* |
| **The Parliament of Fowls** | *Poem of 700 lines* |
| **The Legend of Good Women** | *Poem in the form of a dream vision* |

## William Shakespeare (1564-1616)



উইলিয়াম শেক্সপিয়ার ছিলেন একাধারে একজন Poet, Dramatist এবং Actor; তবে সবকিছু ছাপিয়ে তাঁর নাট্যকার পরিচয়ই মুখ্য হয়ে উঠে। প্রায়শই তাঁকে **'ইংল্যান্ডের জাতীয় কবি'** হিসেবে আখ্যায়িত করা হয়। কিছু সমালোচনা থাকলেও কালের পরিক্রমায় তিনি সর্বকালের শ্রেষ্ঠ নাট্যকার হিসেবেই সমাদৃত হন বিশ্বব্যাপী। মানবমনের বিভিন্ন অনুভূতি কিংবা মনোজাগতিক অবস্থার সুচারু উপস্থাপনে তিনি ছিলেন পটু। শেক্সপিয়ারের একজন সামসময়িক বিখ্যাত কবি এবং নাট্যকার Ben Jonson তাঁর ব্যাপারে ভবিষ্যদ্‌বাণী করেছিলেন– *"Shakespeare was not of an age, but for all time."* নির্দিষ্ট কোনো যুগের বা কোনো অঞ্চলের গণ্ডি অতিক্রম করে বিশ্বব্যাপী শেক্সপিয়ারের পঠন এবং পাঠন মনে করিয়ে দেয় সেই ভবিষ্যদ্বাণী অক্ষরে অক্ষরে মিলে গেছে। কিছুটা দেরিতে প্রদীপের আলোতে আসলেও আজ অবধি অন্য কোনো নাট্যকার উইলিয়াম শেক্সপিয়ারের মতো জনপ্রিয়তা পেয়েছেন কি না তা আমাদের জানা নেই। তবে সাহিত্য জগতে তাঁর পদচারণা দেরিতে হওয়ার কারণ কিংবা তাঁর শিক্ষা, শৈশব সম্বন্ধেও তেমন নির্ভরযোগ্য কিছু জানা যায় না। তাঁর রচিত অনবদ্য নাটক Twelfth Night এর একটি উক্তি তাঁর জীবনের সাথেও প্রাসঙ্গিক, *"Some are born great, some achieve greatness, and some have greatness thrust upon 'em।"*

**শেক্সপিয়ারের কিছু বিখ্যাত উপাধি–**

- Bard of Avon.
- National Poet of England.
- ইংরেজি অভিধানের জনক হিসেবে পরিচিত Dr. Samuel Johnson তাঁকে আখ্যায়িত করেছিলেন 'The Poet of Human Nature' হিসেবে।
- Nick name : The Swan of Avon.
- The Greatest Superstar of the World.

**William Shakespeare-এর ব্যক্তিগত কিছু তথ্য–**

নাট্যসম্রাট উইলিয়াম শেক্সপিয়ারের জন্ম ১৫৬৪ খ্রিষ্টাব্দের ২৩ এপ্রিল। জন্মস্থান: Henley Street, Stratford-upon-Avon এ ইংল্যান্ডের কাউন্টি ওয়ারউইকশায়ারে। শেক্সপিয়ারের প্রাথমিক জীবন সম্বন্ধে খুব বেশি কিছু একটা জানা যায় না। সচ্ছল মধ্যবিত্ত ব্যবসায়ী পরিবারে তাঁর জন্ম। কারো কারো মতে তাঁর পিতা তাঁদের শহরের মেয়র ছিলেন। তাঁর পিতা জন শেক্সপিয়ারের আট সন্তানের তৃতীয় সন্তান ছিলেন তিনি। মা মেরি আর্ডেন অত্যন্ত ধনী ঘরের মেয়ে ছিলেন। সুতরাং ধারণা করা যায় সুখে স্বাচ্ছন্দেই কেটেছে তাঁর শৈশব। প্রথমে বাড়িতে মায়ের কাছে, তারপর স্ট্রাটফোর্ড গ্রামার স্কুলে তাঁর পড়াশোনার হাতে খড়ি হয়। শেক্সপিয়ার বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা করেছিলেন কি না তা নিশ্চিত করে জানা যায় না; তিনি মূলত স্বশিক্ষিত ছিলেন। ইংরেজির পাশাপাশি তিনি ল্যাটিন, গ্রিক ও ইতালিয়ান ভাষা রপ্ত করেছিলেন এবং সংশ্লিষ্ট ভাষাগুলোর সাহিত্য অধ্যয়ন করেছিলেন।

১৮ বছর বয়সে তিনি ২৬ বছর বয়সী Anne Hathway কে বিয়ে করেন। তাঁদের দুইজনের মোট তিনজন সন্তান ছিল– সুসান, হ্যামনেট এবং জুডিথ। ১৫৯২ খ্রিষ্টাব্দে লেখক হিসেবে প্রতিষ্ঠিত হওয়ার পূর্ব পর্যন্ত অনেকগুলো পেশার সাথে তাঁর সংশ্লিষ্টতা দেখা যায়; ব্যবসা, শিক্ষকতা, রং মিস্ত্রি, কসাই, এমনকি হাতুড়ে ডাক্তার ইত্যাদি পেশায় তিনি জড়িত ছিলেন বলে জানা যায়। পরবর্তীতে নাটক রচনার পাশাপাশি তিনি অভিনয়, নাট্য ব্যবস্থাপনা, পরিচালনা ও প্রযোজনার সাথে জড়িত হন।

শেক্সপিয়ার ১৬১৬ খ্রিষ্টাব্দের ২৩ এপ্রিল; মতান্তরে ২৬ এপ্রিল নিজ জন্মভূমিতে মৃত্যুবরণ করেন। তাঁর মৃত্যুর সঠিক কারণ অজানা রয়ে গেছে। তবে ধারণা করা হয় তিনি মৃত্যুর আগে বেশ কিছুদিন যাবৎ জ্বরে ভুগছিলেন। অনেকের মতে তিনি টাইফাসে (Typhus) আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন।

**Major Works:**

শেক্সপিয়ারকে সর্বকালের শ্রেষ্ঠ নাট্যকার বললে অত্যুক্তি হবে না। তাঁর রচিত নাটকগুলোর মধ্যে কিছু আছে করুণ এবং বিয়োগাত্মক কাহিনির, কিছু আছে নিরেট হাস্য রসাত্মক; আবার কিছু নাটক রচিত ঐতিহাসিক প্রেক্ষাপটে। শেক্সপিয়ার পূর্বসূরিদের দ্বারা ব্যাপকভাবে প্রভাবিত হয়েছিলেন। তাঁর লেখনীতে Christopher Marlowe, Thomas Kyd প্রমুখ লেখকের প্রভাব পাওয়া যায়। শেক্সপিয়ারের সাহিত্যকর্মে পূর্বসূরিদের লেখনীর রূপ-রস প্রতিফলিত হয়ে এক অনন্য সাধারণ রূপ নিয়েছিল।

মূলত শেক্সপিয়ারের সাহিত্যকর্মসমূহের জন্যই এলিজাবেথান যুগকে ইংরেজি সাহিত্যের স্বর্ণালি যুগ (The Golden Age) বলে অভিহিত করা হয়। উল্লেখ্য, তিনি পরবর্তী Jacobean যুগেও কিছু সাহিত্য রচনা করেছিলেন।

শেক্সপিয়ারের সাহিত্য রচনার কালকে মোটাদাগে তিনভাগে ভাগ করা যেতে পারে–

1. First phase: (1590-1600)
2. Second phase: (1600-1608)
3. Third Phase: (1608-1612)

শেক্সপিয়ার মূলত তাঁর রচিত নাটকগুলোর জন্য জগদ্বিখ্যাত। তিনি বেশ কিছু কবিতা ও সনেট রচনা করেছিলেন। তাঁর রচিত নাটকের সংখ্যা নিয়ে কিছুটা বিতর্ক রয়েছে। বিভিন্ন মতে এই সংখ্যা ৩৭ থেকে ৩৯; তবে সর্বাধিক জনপ্রিয় মত অনুসারে তিনি ৩৭টি নাটক রচনা করেছেন। তিনি ১৫৪টি সনেট ও ২টি কবিতা রচনা করেছিলেন। কবিতা দুইটির নাম– 'Venus and Adonis' এবং 'The Rape of Lucrece'; কবিতাগুলো উৎসর্গ করা হয় আর্ল অব সাউদাম্পটনকে। এছাড়া ১৬০৯ খ্রিষ্টাব্দে শেক্সপিয়ারের একটি সনেট গ্রন্থ প্রকাশিত হয়। তাঁর রচিত কিছু বিখ্যাত সনেটের টাইটেল হলো–

## Jane Austen (1775-1817)



Jane Austen-এর লেখাগুলো সাধারণ মানুষের জীবনের অতি সাধারণ ঘটনাবলিকে কেন্দ্র করে লেখা; তবে এই সাধারণ বিষয়গুলো তাঁর লেখায় অসাধারণ রূপে ফুটে উঠত। তাঁর উপন্যাসগুলো রচনার সময়কাল ১৭৯৬ খ্রিষ্টাব্দ থেকে ১৮১৬ খ্রিষ্টাব্দ। এ সময়ে ফরাসি বিপ্লব এবং নেপোলিয়নের সাম্রাজ্য প্রতিষ্ঠিত হয়। তবে তাঁর উপন্যাসে উল্লিখিত ঘটনাগুলোর কোন প্রভাব লক্ষ্য করা যায় না। পারিবারিক গণ্ডির মধ্যে সীমাবদ্ধ থাকা এবং বাইরের দুনিয়া সম্পর্কে বাস্তব অভিজ্ঞতা না থাকা এটার কারণ হতে পারে।

জেন অস্টিন রচিত ছয়টি প্রধান উপন্যাসের মধ্যে চারটি তাঁর জীবদ্দশায় প্রকাশিত হয়। বহুল পঠিত এবং ব্যাপকভাবে পাঠক সমাদৃত এবং বিশ্বজুড়ে আলোচিত উপন্যাসগুলোর কারণে তাঁকে রোমান্টিক যুগের শ্রেষ্ঠ ঔপন্যাসিক বলা হয়।

রোমান্টিক যুগের সাহিত্যিক হলেও জেন অস্টিনকে 'Anti-Romantic Novelist' বলা হয়। মূলত তাঁর লেখনীতে তারুণ্যের আবেগের প্রতি কঠোরতা এবং অনমনীয় ভাব (Stern attitude against youthful passion); অর্থাৎ রোমান্টিক উচ্ছ্বাস লক্ষণীয় না হওয়ায় এমন নামকরণ করা হয়েছে।

**একনজরে প্রধান সাহিত্যকর্মসমূহ**

| Name | Genre |
|---|---|
| **Pride and Prejudice** | *Novel* |
| **Sense & Sensibility** | *Novel* |
| **Mansfield Park** | *Novel* |
| **Lady Susan** | *Novel* |
| **Northanger Abbey** | *Novel* |
| **Persuasion** | *Novel* |
| **Emma** | *Novel* |

**Best Works:**

- **Pride and Prejudice** (Romantic novel, 1797)
  প্রাথমিক অবস্থায় উপন্যাসটির নামকরণ করা হয়েছিল– 'First Impressions।' উপন্যাসের প্রথম লাইনটি বেশ বিখ্যাত– *"It is a truth universally acknowledged, that a single man in possession of a good fortune, must be in want of a wife."*
  পৃথিবীর বিভিন্ন দেশে এই উপন্যাসটি বেশ জনপ্রিয় এবং এর উপর ভিত্তি করে অনেক নাটক, টিভি সিরিয়াল ও চলচ্চিত্র নির্মিত হয়েছে।

  **প্রধান চরিত্রসমূহ:** Elizabeth Bennet, Mr. Fitzwilliam Darcy, Mr. Bennet, Mrs. Bennet, Jane Bennet, Mary Bennet, Catherine "Kitty" Bennet, Lydia Bennet।

  **Summary:** কাহিনির সূত্রপাত ১৯ শতকের গ্রামীণ ইংল্যান্ডে। Bennet পরিবারের সাথে Fitzwilliam Darcy নামক একজন জমিদারের সম্পর্কের রসায়ন নিয়ে গল্প এগিয়েছে। Bennet পরিবারের মোট পাঁচজন কন্যা। Mrs. Bennet তার কন্যাদের বিয়ে নিয়ে বেশ চিন্তিত।

  এই উদ্দেশ্যে তিনি বিভিন্ন Eligible Bachelor এর খোঁজ করতে থাকেন। পাঁচ কন্যার এক কন্যা Elizabeth Bennet এবং Fitzwilliam Darcy একে অপরের প্রেমে পড়তে চায়, কিন্তু বিভিন্ন Pride and Prejudice এক্ষেত্রে বাঁধা হয়ে দাঁড়ায়।

- **Sense & Sensibility** (Romantic novel, 1797-98)
  জেন অস্টিন রচিত এই উপন্যাসটিও বেশ জনপ্রিয়। এটি ১৯ শতকের মধ্যবিত্ত জীবনের প্রেম, প্রতারণা আর প্রত্যাশার কাহিনি।

  **প্রধান চরিত্রসমূহ:** Colonel Brandon, Marianne, John Willoughby, Edward Ferrars, Elinor।

  **Summary:** উপন্যাসটির উপজীব্য দুই বোন Elinor (১৯) ও Marianne (১৬) এর জীবনের কাহিনি। ছোট বোন মারিয়্যান John Willoughby এর প্রেমে পড়ে। জন উইলওহবি সুপুরুষ এবং আকর্ষণীয় হলেও মানুষ হিসেবে ভালো নয়। এদিকে মারিয়্যানকে Colonel Brandon বিয়ের প্রস্তাব দেয়। কর্নেল ব্রান্ডন মারিয়্যানের থেকে বয়সে ২০ বছরের বড় হলেও প্রকৃত অর্থেই মারিয়্যানকে ভালোবেসে ছিলেন। কিন্তু মিথ্যা প্রেমের মোহে অন্ধ মারিয়্যান এই প্রস্তাব প্রত্যাখান করে।


  বড় বোন Elinor গোপনে Edward Ferrars কে ভালোবাসে; যে অন্য একটি মেয়ের সাথে বিয়ের জন্য প্রতিশ্রুতিবদ্ধ। উপন্যাসের শেষে প্রকৃত ভালোবাসার জয় হয়; এলিনর-এডওয়ার্ড পরিণয়ে আবদ্ধ হয় এবং মারিয়্যানও কর্নেল ব্রান্ডনের প্রস্তাবে রাজি হয়।

- **Mansfield Park** (1814)
  এই উপন্যাসটিকে Jane Austen-এর সবচেয়ে গুরুগম্ভীর উপন্যাস হিসেবে গণ্য করা হয়।

  **প্রধান চরিত্রসমূহ:** Fanny Price, Edmund Bertram, Sir Thomas Bertram।

  **Summary:** উপন্যাসটির কেন্দ্রীয় চরিত্র কিছুটা অন্তর্মুখী স্বভাবের কিশোরী Fanny Price। ফ্যানিকে তার পরিবার ধনী আত্মীয় বার্ট্রাম পরিবারের কাছে পাঠায়। কিশোরী ফ্যানির সাথে সেই পরিবারের অনেকেই রূঢ় আচরণ করে। কিন্তু শেষ পর্যন্ত ফ্যানির অবিচল ব্যক্তিত্ব এবং নৈতিকতায় মুগ্ধ হয়ে পরিবারের সবাই তাকে সমাদরে গ্রহণ করে। বার্ট্রাম পরিবারের ছোট ছেলে Edmund Bertram-এর সাথে তার বিয়ে হয়।

## Lord Byron (1788-1824)



রোমান্টিক যুগের আইকনিক সাহিত্যিকদের মধ্যে প্রথম সারিতেই যার অবস্থান তিনি হলেন Lord Byron. তাঁর রচিত কবিতা এবং ব্যঙ্গাত্মক রচনাগুলো যেন তৎকালীন পুরো ইউরোপেরই প্রতিচ্ছবি তুলে ধরে। তাঁকে প্রায়ই পরিচয় করিয়ে দেওয়া হয় 'Gloomy Egoist' হিসেবে কারণ তাঁর লেখায় প্রায়ই পাওয়া যায়, বিষাদ, একাকীত্ব, বিদ্রোহ আর ব্যক্তি স্বাতন্ত্রবাদের উপাদান।

Lord Byron অভিজাত বংশের সন্তান ছিলেন। তাঁর একটি জন্মগত শারীরিক ত্রুটি ছিল; তাঁর পা কিছুটা বাঁকানো ছিল। তিনি কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ের Trinity College-এ পড়াশোনো করেছিলেন। লর্ড বায়রন গ্রিকদের পক্ষ নিয়ে তুর্কিদের বিরুদ্ধে যুদ্ধে অংশগ্রহণ করেছিলেন। তিনি **'Rebel poet'** বা বিদ্রোহী কবি হিসেবে পরিচিত।

বায়রনের জীবনে বিতর্কের অভাব ছিল না; এর মধ্যে অবৈধ প্রণয় অন্যতম। তিনি তাঁর Half-sister এর সাথেও যৌন সম্পর্ক স্থাপন করেছিলেন বলে জানা যায়। একারণে তাঁর স্ত্রী তাঁকে ছেড়ে চলে যায়, তিনিও লোকনিন্দায় অতিষ্ঠ হয়ে ইংল্যান্ড ত্যাগ করেন। তিনি ১৮২৪ খ্রিষ্টাব্দে গ্রিসে মৃত্যুবরণ করেন।

**একনজরে প্রধান সাহিত্যকর্মসমূহ**

| Name | Genre |
|---|---|
| **Hours of Idleness** | *Volume of Poetry* |
| **The Vision of Judgment** | *Satirical Poem* |
| **Childe Harold's Pilgrimage** | *Autobiographical Poem* |
| **Don Juan** | *Satirical/ Epic Poem* |
| **Manfred** | *Poetic drama* |
| **Lara** | *Tragic poem* |
| **Sardanapalus** | *Tragedy in Blank verse* |
| **She Walks in Beauty** | *Short Lyrical Poem* |
| **The Prisoner of Chillon** | *Historical Narrative Poem* |
| **The Corsair** | *Tale in Verse* |
| **Cain** | *Dramatic Work* |
| **Marino Faliero** | *Tragedy in Blank verse* |

**Best Works:**

- **The Vision of Judgment** (Satirical Poem, 1822)
  স্যাটায়ারধর্মী কবিতাটি কবি Robert Southey-এর 'A Vision of Judgement' (১৮২১) কে ব্যঙ্গ করে রচিত। রবার্ট সাউথি যেখানে তাঁর লেখনীতে ইংল্যান্ডের রাজা তৃতীয় জর্জের মৃত্যুর পরে তাঁর স্বর্গ আরোহণকে মহিমান্বিত করে তুলেছেন, সেখানে বায়রন রাজার স্বর্গ আরোহণ নিয়ে স্বর্গের দরজায় সংঘটিত বিভিন্ন হাস্যরসাত্বক ও অ্যাবসার্ড বিষয়ের অবতারণা করেছেন।
- **Childe Harold's Pilgrimage** (Autobiographical Poem)
  এটি কবি লর্ড বায়রনের আত্মজীবনীমূলক আখ্যান। প্রধান চরিত্র Harold-এর মাঝে মূলত কবির নিজ চরিত্র বৈশিষ্ট্যগুলোই প্রতিফলিত হয়েছে। মোট চারটি Cantos-এ প্রকাশিত এই কবিতাটির মাধ্যমে বায়রনের কবি খ্যাতি পুরো ইউরোপ জুড়ে ছড়িয়ে পড়ে।

  **Short Summary:** 'Childe' মধ্যযুগের পরিবারের তরুণদের পদবি ছিল যারা নাইটহুড উপাধি প্রাপ্তির নবিশ তালিকায় আছেন; অর্থাৎ এখনো নাইটশিপের বিভিন্ন কলা কৌশল ও নিয়মকানুন সম্পূর্ণ আয়ত্ত করতে পারেননি এবং নাইট হননি।

  Childe Harold উদ্দেশ্যহীন জীবনের প্রতি বিরক্ত হয়ে দূর বিদেশে তীর্থযাত্রায় বের হয়। তাঁর ভ্রমণের তালিকায় ছিল পর্তুগাল, স্পেন, আলবেনিয়া, গ্রিস, বেলজিয়াম, ভেনিস, রোম ইত্যাদি অঞ্চল। সে সারা জীবন ভোগ লালসায় মত্ত হয়ে জীবন কাটিয়েছে; নিয়ম কানুন আর শাসন বারণ সম্বন্ধে তার অবজ্ঞা ও অবহেলা ছিল সবসময়। উল্লেখ্য, এই একই বৈশিষ্ট্য সম্বলিত নায়ক চরিত্র বায়রনের অন্যান্য রচনাতেও দেখতে পাওয়া যায়।
- **Hours of Idleness** (Volume of Poetry)
  এটি বায়রনের প্রথম কবিতা গ্রন্থ। তিনি ১৯ বছর বয়সে এটি রচনা করেন। এই গ্রন্থের অনেকগুলো কবিতাই ক্লাসিক রোমান কবিদের অনুকরণে লিখেছিলেন। গ্রন্থটিতে ৩৯টি কবিতা স্থান পেয়েছে।
- **Don Juan** (Satirical Epic Poem)
  লর্ড বায়রনের শ্রেষ্ঠ সাহিত্যকর্ম হিসেবে এটিকে বিবেচনা করা হয়। এটিকে বলা হয় A satire in the form of a picturesque verse tale. প্রায় পাঁচ হাজার লাইন বিশিষ্ট মহাকাব্যটির প্রধান চরিত্রের নাম স্প্যানিশ রূপকথার এক কিংবদন্তির নাম থেকে নেয়া হয়েছে। তবে রূপকথার Don Juan-কে womanizer হিসেবে চিত্রিত করা হলেও বায়রনের মহাকাব্যের ডন জুআনকে দেখানো হয়েছে 'Easily seduced by women' হিসেবে। ১৮২৪ খ্রিষ্টাব্দে বায়রনের মৃত্যু হলে মহাকাব্যটি অসমাপ্ত রয়ে যায়।

  **প্রধান চরিত্রসমূহ:** Don Juan, Don Alfonso, Donna Julia, Gulbeyaz, Catherine the Great, Haidée।

## Charles Dickens (1812-1870)



Charles Dickens-কে ভিক্টোরিয়ান যুগের শ্রেষ্ঠ ঔপন্যাসিক হিসেবে গণ্য করা হয়। চরিত্র সৃষ্টি ও রূপায়ণে তাঁর জুড়ি সামসময়িক সময়ে কেউ ছিল না। অনেকের মতে তিনি সর্বকালের সেরা ইংরেজ ঔপন্যাসিক। তিনি তাঁর জীবদ্দশায় যেমন তুমুল জনপ্রিয় ছিলেন; এখনও সারা বিশ্বে সমান ভাবে জনপ্রিয়। তাঁর রচিত উপন্যাসগুলো প্রায় সব দেশেই সমাদৃত এবং বহু ভাষায় অনুদিত হয়েছে।

চার্লস ডিকেন্সের উপন্যাসগুলোকে কয়েকটি শ্রেণিতে ভাগ করা যায়। যেমন– ভ্রমণমূলক, ঐতিহাসিক উপাখ্যান, সমাজ সংস্কারমূলক ও আত্মজীবনীমূলক। তিনি অধিকাংশ সময়ই সমাজের নিম্নবিত্ত ও দরিদ্র শ্রেণি এবং তাদের নানামুখী জীবন সংগ্রাম নিয়ে উপন্যাস লিখেছেন। অনেক সাহিত্য বিশারদদের মতে প্রাতিষ্ঠানিক শিক্ষার অভাবে চার্লস ডিকেন্সের রচনায় ব্যাকরণগত ত্রুটি দৃষ্টিগোচর হয়, তবে সাহিত্যের গুণ এবং রস বিবেচনায় তা ঢাকা পড়ে যায়।

**এক নজরে প্রধান/শ্রেষ্ঠ সাহিত্যকর্মসমূহ**

| Name | Genre |
|---|---|
| **A Tale of Two Cities** | *Historical novel/ Iconic novel* |
| **A Christmas Carol** | *Novella/ Short novel* |
| **Great Expectations** | *Novel* |
| **David Copperfield** | *Novel/ Semi-autobiographical* |
| **Oliver Twist** | *Novel/ Story of an orphan* |
| **Sketches by Boz** | *Two series of collected sketches and short tales* |
| **The Pickwick Papers** | *Novel / Serialized fiction / Travelogue elements* |
| **Bleak House** | *Novel* |
| **Hard Times** | *Novel* |
| **All the Year Round** | *Periodical* |
| **The Old Curiosity Shop** | *Novel* |
| **American Notes** | *Nonfiction book on Dickens's visit to America* |
| **Our Mutual Friend** | *Novel/ Last completed novel* |

**Best Novels:**

- **David Copperfield**

উপন্যাসটির সম্পূর্ণ নাম– 'The Personal History of David Copperfield।' এটি পূর্ণাঙ্গ বই আকারে ১৮৫০ খ্রিষ্টাব্দে প্রকাশিত হয়। লেখকের মতে এটি তাঁর শ্রেষ্ঠ উপন্যাস, এটিকে তিনি তাঁর 'Favorite Child' হিসেবে আখ্যায়িত করতেন।

উপন্যাসটি Semi-autobiographical বা আত্মজীবনীমূলক; এই উপন্যাস লেখার প্রেরণা লেখক নিজের জীবন থেকেই সংগ্রহ করেছিলেন।

**প্রধান চরিত্রসমূহ:** David Copperfield, Mr. Murdstone, Peggotty, Steerforth, Miss Betsey Trotwood, Dora Spenlow, Agnes।

**Summary:** উপন্যাসটির কাহিনির সময়কাল রানি ভিক্টোরিয়ার শাসনামলের শেষ দিক। উপন্যাসের প্রধান চরিত্র মধ্য বয়স্ক David Copperfield তার ফেলে আসা জীবনের স্মৃতিচারণ করেছে। ডেভিডের জন্মের আগেই তার বাবা মারা যায়। মা Mrs. Clara Copperfield আবার বিয়ে করেন। সৎ বাবা Mr. Murdstone-এর সঙ্গে ডেভিডের বনিবনা হয় না। নানা রকম শারীরিক এবং মানসিক যন্ত্রণার মধ্যে তার শৈশব কাটে।

তাকে আট বছর বয়সে বোর্ডিং স্কুল Salem House এ পাঠানো হয়। ডেভিডের সাথে বাড়ীর গৃহ পরিচারিকা Peggotty-এর সাথে খুব ভাল সম্পর্ক ছিল। বোর্ডিং স্কুলে যাবার আগে সে Peggoty এর বাড়িতে বেড়াতে যায়; সেখানে কাটানো সময়গুলো তার জীবনের অন্যতম সেরা সময় ছিল।

বোর্ডিং স্কুলে তার দুইজন খুব ভালো বন্ধু হয়। তারা হলো Tommy Traddles এবং Steerforth। অবশ্য পরবর্তীতে স্টিয়ারফোর্থের সাথে তার সম্পর্ক তিক্ততায় পরিণত হয়।


ডেভিডের মা মৃত্যুবরণ করলে সৎ বাবা মি. মার্ডস্টোনের সিদ্ধান্তে তাকে ১০ বছর বয়সে দোকানে কাজ শুরু করতে হয়। সেখান থেকে পালিয়ে সে তার আত্মীয়া Miss Betsey Trotwood এর কাছে চলে যায়। বেটসি একটি ভাল স্কুলে ডেভিডের পড়াশোনার ব্যবস্থা করে দেন।

পরবর্তীতে ডেভিড আইন ও লেখালিখিকে পেশা হিসেবে বেছে নেয় এবং একজন সফল লেখক হিসেবে সুনাম কুড়ায়। সে Dora Spenlow নামের একটি মেয়ের প্রেমে পড়ে। বেটসির সম্মতিক্রমে তারা বিবাহ বন্ধনে আবদ্ধ হয়। তবে বিয়ের পর ডেভিড দেখতে পায় তার স্ত্রীর মানসিকতা বাস্তবতা থেকে অনেক দূরে; তারপরও তারা একে অপরকে ভালোবেসে যায়। কিন্তু হঠাৎ ডোরা অসুস্থ হয়ে মৃত্যুবরণ করে।

মানসিক ভাবে বিধ্বস্ত ডেভিড ইউরোপে চলে যায়। সেখানে গিয়ে সে Agnes Wickfield নামের একটি মেয়ের প্রেমে পড়ে। তারা দুইজন ইংল্যান্ডে এসে বিয়ে করে। ডেভিডের নার্স এবং গৃহ পরিচারিকা প্রেগটি তাদের সংসারে এসে যোগ দেয়। সুখে শান্তিতে বসবাস করতে থাকে তারা। ডেভিড উপলব্ধি করে অ্যাগনেসের অকৃত্রিম ভালোবাসা তাকে নতুন করে বাঁচতে শিখিয়েছে।

# Latin American Writers

## Gabriel García Márquez (1927-2014)



কলম্বিয়ায় জন্মগ্রহণকারী Gabriel García Márquez লাতিন আমেরিকান ইতিহাসের অন্যতম শ্রেষ্ঠ ঔপন্যাসিক এবং বিংশ শতকের অন্যতম সেরা লেখক। তিনি ১৯৮২ খ্রিষ্টাব্দে চতুর্থ লাতিন আমেরিকান হিসেবে সাহিত্যে নোবেল পুরস্কার পান। তাঁর লেখায় Magic realism বা জাদু বাস্তবতা নামক একটি Literary genre-এর ব্যবহার দেখতে পাওয়া যায়।

**Best Works:**

- **One Hundred Years of Solitude**

  এই উপন্যাসটি ১৯৬৭ খ্রিষ্টাব্দে স্প্যানিশ ভাষায় প্রথম প্রকাশিত হয়। এটি লেখকের সর্বশ্রেষ্ঠ উপন্যাস। মূলত এই উপন্যাসের জন্যই তিনি নোবেল পুরস্কার পেয়েছেন। পাশাপাশি এখানে Magic realism এরও প্রয়োগ দেখা যায়। সর্বকালের অন্যতম সেরা উপন্যাসের তালিকায় এটি সগৌরবে স্থান করে নিয়েছে।

  ১৮২০ খ্রিষ্টাব্দ থেকে ১৯২০ খ্রিষ্টাব্দ, এই ১০০ বছরের উপনিবেশ পরবর্তী লাতিন আমেরিকান অশান্ত রাজনৈতিক ইতিহাস এবং সেই সাথে Buendía family-এর সাত প্রজন্মের কাহিনি উপন্যাসটিতে বর্ণিত হয়েছে।

  **Summary:** Buendía পরিবারের প্রধান José Arcadio Buendía তার স্ত্রী Úrsula কে সাথে নিয়ে প্রায় জনবিচ্ছিন্ন একটি স্থানে Macondo নামক একটি কাল্পনিক শহরের গোড়াপত্তন করেন। উপন্যাসটিতে শহরের অধিবাসীদের উত্থান পতনের বিচিত্র কাহিনি উঠে এসেছে। প্রথমদিকে বাইরের দুনিয়া থেকে বিচ্ছিন্ন থাকলেও ধীরে ধীরে বহির্বিশ্বের সাথে যোগাযোগ স্থাপিত হয় শহরটির। প্রেম, বিরহ, বিচ্ছেদ, দ্বন্দ্ব, বেদনা, মৃত্যু, ক্ষমতা আর উপনিবেশ পরবর্তী সমাজের বিভিন্ন দিক ফুটে উঠেছে কাহিনির বাঁকে বাঁকে। শেষে দেখা যায়, প্রলয়ংকারী হারিকেন ঝড়ে পুরো গ্রামটি ধ্বংস হয়ে যায়। একমাত্র সদস্য হিসেবে বেঁচে থাকে শতবর্ষী Aureliano Buendía, যাকে পুরনো নথিপত্র ঘেঁটে তার পরিবারের ইতিহাস খুঁজতে দেখা যায়। উপন্যাসের অন্যান্য চরিত্রের মধ্যে আছে: Remedios, Melquíades।

  **এই উপন্যাসের একটি বিখ্যাত উক্তি হলো–** *"They were so close to each other that they preferred death to separation."*

  **বিশেষ তথ্য:** বাংলা সাহিত্যে জাদু বাস্তবতার প্রয়োগ প্রথম দেখা যায় শহীদুল জহিরের লেখায়।

- **Love in the Time of Cholera**

  উপন্যাসটি ১৯৮৫ খ্রিষ্টাব্দে প্রকাশিত হয়। ১৮৭০ খ্রিষ্টাব্দ থেকে ১৯৩০ খ্রিষ্টাব্দের মধ্যবর্তী সময়ের কাহিনি বর্ণিত হয়েছে এই উপন্যাসে।

  এটি দক্ষিণ আমেরিকান একটি সম্প্রদায়ের আখ্যান; যুদ্ধ পরবর্তী সময়ের প্রেম, সংঘাত, কলেরার ছোবলে আক্রান্ত গ্রামবাসীর জীবনে নেমে আসা দুর্দশার কাহিনি এই উপন্যাসের উপজীব্য বিষয়। উপন্যাসের প্রধান চরিত্র Florentino Ariza এবং Fermina Daya দীর্ঘদিন পর ঘটনাক্রমে মিলিত হয় এবং তাদের অপূর্ণ ভালোবাসাকে পূর্ণাঙ্গতা দিতে চায়।

- **No One Writes to the Colonel** (Novella)
- **The Leaf Storm** (Novella)

## Pablo Neruda (1904-1973)

চিলিতে জন্মগ্রহণকারী Pablo Neruda বিংশ শতকের অন্যতম শ্রেষ্ঠ কবি। সাহিত্যচর্চার পাশাপাশি তিনি রাজনীতিও করেছেন। তিনি ১৯৭১ খ্রিষ্টাব্দে সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন। কলম্বিয়ান ঔপন্যাসিক গ্যাসিয়া মর্কেজ তাঁকে 'The Gredtest Poet of 20th century in Any Language' হিসেবে আখ্যায়িত করেন।

**Best Works:**

- **Canto General** (Epic poem)
- **Elemental Odes**
- **Winter Garden** (Poem)
- **Twenty Love Poems and a Song of Despair**

## Mario Vargas Llosa (1936-Present)

Mario Vargas Llosa পেরুর অধিবাসী একজন লেখক, সাংবাদিক, প্রাবন্ধিক এবং রাজনীতিক। ১৯৯০ খ্রিষ্টাব্দে তিনি পেরুর প্রেসিডেন্ট নির্বাচনে প্রার্থীতা করেছিলেন। তিনি ২০১০ খ্রিষ্টাব্দে সাহিত্যে নোবেল পুরস্কার পান।

**Best Works:**

- **The Time of the Hero**
- **The Green House**
- **Aunt Julia and the Scriptwriter**
- **The War of the End of the World**

## Octavio Paz (1914-1998)

Octavio Paz একজন মেক্সিকান কবি এবং প্রাবন্ধিক। তিনি বিংশ শতকের অন্যতম সেরা লাতিন আমেরিকান লেখক। নিজ সংস্কৃতির কথা বলিষ্ঠভাবে বিশ্ববাসীর কাছে তুলে ধরার স্বীকৃতি স্বরূপ ১৯৯০ খ্রিষ্টাব্দে সাহিত্যে নোবেল পুরস্কার পেয়েছেন।

**Best Works:**

- **The Labyrinth of Solitude** (Essay)
- **Sun Stone** (Poem, also known as '**Piedra de Sol**')
- **In Light of India**

# 10 Annex/Supplements

বিভিন্ন সাহিত্যকর্মের চরিত্র, উদ্ধৃতি ও উক্তি বিসিএসসহ অন্যান্য বিভিন্ন চাকরির পরীক্ষাতে প্রায়ই আসে। এই অধ্যায়ে আমরা তেমনই গুরুত্বপূর্ণ কিছু চরিত্র এবং উদ্ধৃতি/উক্তি সংক্ষিপ্ত বর্ণনাসহ উপস্থাপন করছি। আশা করি অধ্যায়টি চাকরিপ্রার্থীদের সংশ্লিষ্ট বিষয়গুলো সহজে বুঝতে এবং মনে রাখতে সহায়ক ভূমিকা পালন করবে।

## Important Characters from Different Literary Works

### The Old English and Middle English Period

| লেখক | সাহিত্যকর্ম | প্রধান চরিত্র | সংক্ষিপ্ত বর্ণনা | অন্যান্য গুরুত্বপূর্ণ চরিত্র |
|---|---|---|---|---|
| Anonymous | Beowulf *(Epic)* | Beowulf | Beowulf একজন কিংবদন্তী বীর যোদ্ধা, যিনি দানব Grendel ও তার মাকে পরাজিত করেন। পরবর্তীতে রাজা হন এবং আরো একটি ড্রাগনের বিরুদ্ধে লড়াই করেন। | Grendel, Grendel's Mother, King Hrothgar, Wiglaf |
| Geoffrey Chaucer | The Canterbury Tales *(Frame story)* | Harry Bailly | তীর্থযাত্রীদের একটি দল থমাস বেকেটের সমাধিস্থল পরিদর্শন করতে যায়। পথিমধ্যে তারা একটি সরাইখানায় আশ্রয় নেন, Harry Bailly সরাইখানার মালিক ছিলেন। তিনি তাদের অভ্যর্থনা এবং হোস্ট এর দায়িত্ব পালন করেন। তিনি প্রস্তাব করেন তীর্থযাত্রীদের প্রত্যেকে একটি করে গল্প বলবে। | ৩০ জন তীর্থযাত্রীর গল্পগুলো তাদের নামে নামকরণ করা হয়। যেমন– The Knight’s Tale, The Miller’s Tale, The Reeve’s Tale, The Cook’s Tale, The Man of Law’s Tale |

### The Renaissance Period

| লেখক | সাহিত্যকর্ম | প্রধান চরিত্র | সংক্ষিপ্ত বর্ণনা | অন্যান্য গুরুত্বপূর্ণ চরিত্র |
|---|---|---|---|---|
| William Shakespeare | Hamlet *(Tragedy)* | Hamlet | ডেনমার্কের রাজপুত্র, যে তার পিতৃহত্যার প্রতিশোধ নিতে আসল খুনীকে খুঁজে বের করতে চায়। | Gertrude, Claudius, Ophelia, Polonius, Horatio |
| | Macbeth *(Tragedy)* | Macbeth | উচ্চাকাঙ্ক্ষী স্কটিশ জেনারেল, যিনি তিন ডাইনীর ভবিষ্যদ্বাণী অনুযায়ী ক্ষমতা দখল করে নিষ্ঠুর শাসকে পরিণত হন। | Lady Macbeth, Banquo, Macduff, King Duncan, Three Witches |
| | Othello *(Tragedy)* | Othello | ভেনিসের মুর সেনাপতি, যাকে ষড়যন্ত্রের মাধ্যমে স্ত্রীর প্রতি ঈর্ষাপরায়ণ করে তোলা হয়। পরবর্তীতে তিনি ক্রোধান্বিত অবস্থায় স্ত্রী ডেসডিমোনাকে হত্যা করেন। | Desdemona, Iago, Cassio, Emilia Brabantio |

# Important Quotes of Notable Writers

<table>
<tr><th>লেখক</th><th>উক্তি/উদ্ধৃতি</th><th>সাহিত্যকর্ম</th></tr>
<tr><td rowspan="3">Aristotle</td><td>Man is by nature a political animal.<br>মূল বক্তব্য: মানব প্রকৃতি অনুযায়ী সংঘবদ্ধ ভাবে থাকতে ভালোবাসে। একাকী যা অর্জন করা সম্ভব না তা পারস্পরিক সহযোগিতা, ঐক্য এবং শৃঙ্খলার মাধ্যমে অর্জন করা সম্ভব। এজন্য বলা হচ্ছে মানুষ প্রকৃতিগত ভাবেই রাজনৈতিক চেতনা লালন করে। ন্যায়বিচার, যৌক্তিক চিন্তার মাধ্যমে সে রাষ্ট্র প্রতিষ্ঠা করতে পারে।</td><td rowspan="3">Politics</td></tr>
<tr><td>He who is unable to live in society, or who has no need because he is sufficient for himself, must be either a beast or a god.</td></tr>
<tr><td>Poverty is the parent of crime and revolution.</td></tr>
<tr><td>Sir Thomas Browne</td><td>Charity begins at home, is the voice of the world: yet is every man his greatest enemy, and, as it were, his own executioner.<br>বিশেষ দ্রষ্টব্য : এই উক্তির প্রথমাংশটি চার্লস ডিকেন্সের Martin Chuzzlewit উপন্যাসেও পাওয়া যায়।</td><td>Religio Medici</td></tr>
<tr><td rowspan="2">Christopher Marlowe</td><td>Sweet Helen, make me immortal with a kiss.<br>মূল বক্তব্য: নিজের আত্মা বিক্রিকারী ড. ফস্টাস পরম সুন্দরী হেলেনের আত্মাকে দেখতে পেয়ে পুলকিত হয়ে উঠেন। ভাবেন আত্মা বিক্রির মাধ্যমে চিরতরে সৌন্দর্য ভোগ করার স্বাধীনতা তিনি পাবেন। হেলেনের আত্মাকে উদ্দেশ্য করে বলেন– প্রিয় হেলেন চুম্বনের মাধ্যমে আমাকে অমর করে দাও।</td><td rowspan="2">Doctor Faustus</td></tr>
<tr><td>Was this the face that launch'd a thousand ships, And burnt the topless towers of Ilium?<br>মূল বক্তব্য: ফস্টাস হেলেনের সৌন্দর্যে অভিভূত হলেও আশ্চর্য হন যখন জানতে পারেন এই সুন্দর মুখ ট্রয় নগরী ধ্বংসের সাথে জড়িত। তবুও আত্মিক মুক্তির পথে না গিয়ে সাময়িক লালসাকেই তিনি প্রাধান্য দেন এবং বলে উঠেন– এই কি সেই মুখাবয়ব, যার কারণে হাজারো জাহাজ যুদ্ধে লিপ্ত হয়েছিল এবং জ্বালিয়ে দিয়েছিল টাওয়ারের চূড়াগুলো।</td></tr>
<tr><td rowspan="5">William Shakespeare</td><td>There is nothing either good or bad, but thinking makes it so.<br>মূল বক্তব্য: পিতার মৃত্যু এবং মায়ের পুনরায় বিয়ের ঘটনায় শোকাহত প্রিন্স হ্যামলেট এই উক্তিটি করেন যার অর্থ– ভালো মন্দ যাই ঘটুক না কেন তা মূলত আমাদের দৃষ্টিভঙ্গির উপরই নির্ভর করে।</td><td rowspan="5">Hamlet</td></tr>
<tr><td>This above all: to thine own self be true.<br>মূল বক্তব্য: রাজদরবারের অমাত্য পলোনিয়াস তার ছেলে লিয়ার্টিসকে উপদেশ স্বরুপ বলছে– সবকিছুর ঊর্ধ্বে জরুরি হলো নিজেকে সৎ রাখা।</td></tr>
<tr><td>To be, or not to be, that is the question.<br>মূল বক্তব্য: জীবনের ক্রুর বাস্তবতায় নিদারুণ পরিশ্রান্ত প্রিন্স হ্যামলেটের এই মন্তব্য– বেঁচে থাকব নাকি মৃত্যুর মধ্যে পরিসমাপ্তি টানবো সকল যন্ত্রণার।</td></tr>
<tr><td>Brevity is the soul of wit.<br>মূল বক্তব্য: এই উক্তিটি করেছেন পলোনিয়াস। তিনি নিজে অপ্রয়োজনীয় দীর্ঘ কথা বললেও এই কথাটিও তারই। যার অর্থ– সংক্ষিপ্ততাই বুদ্ধিমত্তার পরিচায়ক। সংক্ষিপ্ত কিন্তু গভীর অর্থবোধক কথা উদ্দেশ্য।</td></tr>
<tr><td>Frailty, thy name is woman!<br>মূল বক্তব্য: পিতৃহত্যার ক্ষত না শুকোতেই প্রিন্স হ্যামলেট দেখে তার মা দ্রুততম সময়ের মধ্যে তারই চাচাকে বিয়ে করে। নারী চরিত্রের এই অস্থিরতা লক্ষ্য করে এই উক্তিটি করা হয়।</td></tr>
</table>

# PART B

## 11 English Literary Terms


ইংরেজি সাহিত্যের ইংরেজি লিটেরারি টার্ম অংশটি প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রেক্ষাপটে বেশ গুরুত্বপূর্ণ। প্রিলিমিনারিসহ ভাইভাতেও অনেক সময় এই সংক্রান্ত প্রশ্ন এসে থাকে। সাহিত্যের মৌলিক অংশগুলো থেকে প্রশ্ন না আসলেও প্রায় সব গ্রেডের চাকরির পরীক্ষাতেই এই অংশের কবিতা, নাটক, উপন্যাস, ফিকশন, ননফিকশন ইত্যাদি সব ক্যাটাগরি থেকেই প্রশ্ন এসে থাকে। যেমন– কোন কবিতাটা Sonnet কিংবা কোন কবিতাটা Epic? আমাদের আলোচনা মূলত এই ৪টি Genre কে নিয়ে হবে। আবার নির্দিষ্ট কোনো ঘরানার সাহিত্যকর্ম ছাড়াও কমন কিছু লিটেরারি ডিভাইস এবং সংশ্লিষ্ট প্রয়োজনীয় আলোচনাও এই অধ্যায়ে করা হয়েছে।

চাকরি পরীক্ষার আরেকটি গুরুত্বপূর্ণ অনুষঙ্গ হলো বিভিন্ন Figures of Speech; যেমন– Simile, Metaphor, Irony ইত্যাদি। আলোচ্য অধ্যায়টিতে এই বিষয়গুলোর উপরেও আলোকপাত করা হয়েছে। গুরুত্বপূর্ণ টার্মসগুলোর সাথে বাংলা ব্যদ

ইংরেজি বা যেকোনো সাহিত্যের প্রধান ধারা বা ধরনগুলো হলো– ১. Poems and Poetry, ২. Drama, ৩. Fiction, ও ৪. Nonfiction। আমরা প্রথমে শুরু করবো Poems and Poetry বা কবিতা দিয়ে, এরপর পর্যায়ক্রমে অন্যগুলো নিয়ে আলোচনা করা হবে।

## Poems and Poetry (কবিতা ও কাব্য)

কবিতা হলো একজন কবির বিভিন্ন আবেগ অনুভূতি, যেমন– আনন্দ, উচ্ছাস, বেদনা, দুঃখ কিংবা কোনো চিন্তা প্রকাশের একটি ছন্দবদ্ধ মাধ্যম। কবিতা এবং কাব্য রচনার বেশ কিছু ধরন আছে। নিচের চিত্রটি থেকে বিষয়টি বুঝতে সুবিধা হবে–



# Figures of Speech

এই অধ্যায়ের শুরু থেকে আমরা বিভিন্ন গুরুত্বপূর্ণ লিটেরারি টার্মস আলোচনা করেছি, যেগুলো সাহিত্যের বিভিন্ন বাহন; যেমন– কবিতা, নাটক, গল্প বা প্রবন্ধের সাথে সংশ্লিষ্ট। এখন আমরা আরও কিছু Figures of speech-এর উপর আলোকপাত করবো।

এগুলো মূলত কোনো লেখা বা বক্তব্যকে সৌন্দর্যমণ্ডিত করার জন্য ব্যবহৃত হয়। পাশাপাশি শ্রোতা বা পাঠকের কাছে সহজবোধ্য ও আকর্ষণীয় করতেও এগুলো বেশ সহায়ক। বিভিন্ন চাকরির পরীক্ষাতে নিয়মিত Figures of speech থেকে প্রশ্ন হয়ে থাকে।

1. **Alliteration (অনুপ্রাস):** Alliteration is the repetition of the same initial consonant sounds in closely connected words.
শব্দের শুরুতে থাকা Consonant sound বা একই ধ্বনির পুনরাবৃত্তি। যেমন– Peter Piper Picked a peck of pickled peppers.
**সাহিত্য থেকে উদাহরণ:**
Blue, glossy green, and velvet black.
*(The Rime of the Ancient Mariner; S.T. Coleridge)*
এই বাক্যটিতে দেখা যাচ্ছে, দুটো শব্দ দিয়ে শুরু হয়েছে b দিয়ে এবং দুটো শব্দের শুরুতে আছে g; এটিই অনুপ্রাস।

2. **Allusion (পরোক্ষ উল্লেখ বা ইঙ্গিত):** Allusion is a brief and indirect reference to a person, place, event, or literary work, often used to enhance meaning.
একটা সাহিত্যকর্মে অপর একটা সাহিত্যকর্মের সংক্ষিপ্ত এবং পরোক্ষ ইঙ্গিত কিংবা কোনো বক্তব্যে কোনো ঐতিহাসিক উক্তি বা ঘটনা পরোক্ষভাবে ব্যবহার করা। এখানে বিষয়ভেদে একইবস্তু ভিন্ন দৃষ্টিকোণে ব্যবহৃত হয়। যেমন– Don't act like a 'Romeo' in front of her.
**সাহিত্য থেকে উদাহরণ:**
Those are pearls that were his eyes.
*(The Waste Land; T.S. Eliot)*
এলিয়ট তার কবিতায় এই লাইনটি মূলত শেক্সপিয়ারের দ্য টেম্পেস্ট নাটক থেকে চয়ন করেছেন বিষয়বস্তুর সাদৃশ্য এবং গভীরতা বোঝাতে।

3. **Anaphora (একই শব্দের পুনরাবৃত্তি):** Anaphora is the repetition of a word or phrase at the beginning of successive sentences or clauses for emphasis.
বক্তব্য বা লেখায় কোনো একটা নির্দিষ্ট বিষয়ের উপর গুরত্ব বোঝাতে একই শব্দ বার বার ব্যবহার করা।
**সাহিত্য থেকে উদাহরণ:**
In every cry of every man,
In every infant's cry of fear,
In every voice, in every ban.
*(London; William Blake)*
আলোচ্য কবিতায় In every শব্দগুচ্ছ ব্যবহারের ক্ষেত্রে পুনরাবৃত্তি ঘটেছে।

4. **Antagonist (খলনায়ক):** Principal opponent or foil of the main character of a play.
নাটক বা সিনেমার কাহিনিতে নায়কের প্রধান শত্রু, যিনি নায়ককে প্রতিনিয়ত চ্যালেঞ্জের মুখোমুখি করেন তিনিই মূলত খলনায়ক।
**সাহিত্য থেকে উদাহরণ:**
Iago: শেক্সপিয়ারের ট্রাজেডি নাটক *'Othello'* তে নায়কের মনে সন্দেহের বীজ বুনে দেওয়া কিংবা তার স্ত্রীকে হত্যার পেছনের মূল কারিগর ছিলো ইয়াগো।

5. **Antithesis (পরস্পর বিরোধী ভাবধারার সন্নিবেশ):** Two irreconcilable opposites or strongly contrasting ideas are placed side by side. যেমন– Art is long, and Time is fleeting.
দুটো বিপরীতার্থক কিংবা পরস্পর বিরোধী শব্দ কিংবা ধারণা পাশাপাশি বসে, সাধারণত কোনো কিছু তুলনার উদ্দেশ্যে।
**সাহিত্য থেকে উদাহরণ:**
It was the best of times, it was the worst of times, it was the age of wisdom, it was the age of foolishness...
*(A Tale of Two Cities;Charles Dickens)*
ভিক্টোরিয়ান যুগের ঔপন্যাসিক চার্লস ডিকেন্সের এই উপন্যাসে তিনি একটা সময়কে সংজ্ঞায়িত করেছেন একই সাথে ইতিবাচক এবং নেতিবাচক বৈশিষ্ট্য দিয়ে।

6. **Anti-Climax:** A statement or situation in which there is a sudden fall from the serious to the trivial or from the sublime to the ridiculous.
ক্রমবর্ধমান টেনশন বা উত্তেজনাকর পরিস্থিতির পর হাস্যকর বা অসার পরিণতির মাধ্যমে পরিস্থিতি স্বাভাবিক বা উত্তেজনামুক্ত করা।

7. **Apostrophe (সম্বোধন অলঙ্কার):** An address to someone absent or something abstract as if the person or the thing were present. Also, a speaker turns from the audience to address a single person or thing.
বক্তা যখন প্রাণহীন, নির্জীব বস্তুকে ব্যক্তিরূপে কিংবা অনুপস্থিত ব্যক্তিকে উপস্থিত ব্যক্তিরূপে সম্বোধন করেন। বক্তার মনোযোগ পুরো অডিয়েন্সের দিক থেকে ঘুরে একজন ব্যক্তি বা শ্রোতার উপর নিবদ্ধ হয়।